

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১০১০

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرِّقَائِقِ)

পরিচ্ছেদঃ মানুষের জন্য মুস্তাহাব হলো দিনে রাতে সব সময় মহান প্রভুর নিকট জান্নাত চাওয়া এবং জাহান্নাম থেকে আশ্রয় প্রার্থনা করা

ذَكَرُ الْإِسْتِحْبَابِ لِلْمَرْءِ أَنْ يَسْأَلَ سُؤَالَ رَبِّهِ دُخُولَ الْجَنَّةِ وَتَعَوُّدَهُ بِهِ مِنَ النَّارِ فِي أَيَّامِهِ وَلَيَالِيهِ

আরবী

1010 - أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ الْخَلِيلِ قَالَ: حَدَّثَنَا أَبُو كُرَيْبٍ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشِيرٍ قَالَ: حَدَّثَنَا يُونُسُ بْنُ أَبِي إِسْحَاقَ قَالَ بَرِيدُ بْنُ أَبِي مَرْيَمَ عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (مَا سَأَلَ رَجُلٌ مُسْلِمٌ الْجَنَّةَ ثَلَاثَ مَرَّاتٍ إِلَّا قَالَتْ الْجَنَّةُ: اللَّهُمَّ ادْخُلْهُ الْجَنَّةَ وَلَا اسْتَجَارَ رَجُلٌ مُسْلِمٌ مِنَ النَّارِ ثَلَاثَ مَرَّاتٍ إِلَّا قَالَتْ النَّارُ: اللَّهُمَّ أَجِرْهُ)

الراوي : أَنَسُ بْنُ مَالِكٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر :
التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1010 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১০১০. আনাস বিন মালিক রাযিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “কোন মুসলিম ব্যক্তি তিনবার জান্নাত চাইলে, তখন জান্নাত বলে, “হে আল্লাহ, তাকে আপনি জান্নাতে প্রবেশ করান।” আর কোন মুসলিম ব্যক্তি তিনবার জাহান্নাম থেকে আশ্রয় চাইলে, জাহান্নাম বলে, “হে আল্লাহ, তাকে আপনি জাহান্নাম থেকে আশ্রয় দিন।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/১৪১; বাগাবী, শারহুস সুন্নাহ: ১৩৬৫; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১০/৪২১।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (মিশকাত: ২৪৭৮।)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=90323>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন